ভোরের কাগজ

305

তারিখ ... JUL. 1 8 1999
পৃঃ 8 কলাম 2

## জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনস্থ যে সকল ছাত্রছাত্রী বিএ/বিএসসি/বিকম/বিএসএস অনার্স পার্ট-৩ ১৯৯৫ সালে (রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনুযায়ী) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, সম্প্রতি এক বিজ্ঞপ্তিতে জানানো হয় যে যারা ৩য় শ্রেণীতে উত্তীর্ণ তাদের দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণের জন্য ১০ নম্বর ও দ্বিতীয় শ্রেণী থেকে প্রথম শ্রেণীতে উত্তীর্ণের জন্য ০৩ নম্বর গ্রেস প্রদানের সিদ্ধান্ত কর্তৃপক্ষ নিয়েছেন। ৩য় থেকে ২য় শ্রেণীতে উত্তীর্ণের ক্ষেত্রে ১০ নম্বর গ্রেস দেওয়াতে অধিক সংখ্যক ছাত্রছাত্রী উপকৃত হচ্ছে। নিঃসন্দেহে এটি ফলাফলের মান উন্নয়নে সহায়ক হবে। কিন্তু দ্বিতীয় থেকে ১ম শ্রেণীতে উত্তীর্ণের জন্য মাত্র ০৩ নম্বর গ্রেস প্রদানে বেশিসংখ্যক ছাত্রছাত্রী উপকৃত হবে না। এই নম্বরটি কমপক্ষে ০৫ নতুবা ১০ নম্বর হওয়া একান্ত কাম্য ছিল; তাতে আমাদের কতিপয় ছাত্রছাত্রী অনেক বেশি উপকৃত হতো। হিসেবে দেখা যায় যে, দ্বিতীয় শ্রেণীর তুলনায় প্রথম শ্রেণীর সংখ্যা অনেক কম।

তাই প্রথম শ্রেণীর সংখ্যা বৃদ্ধি ও উত্তরাঞ্চলের ছাত্রছাত্রীদের ফলাফলের মান উন্নয়নের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আমাদের আবেদন এই গ্রেস নম্বরকে ১০ নম্বর নতুবা কমপক্ষে ০৫ এ উন্নীত করা হোক।

মোঃ এনামুল কবীর
ধানপাড়া, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী।